দৈনিক বাংলা

তারিখ 21 SEP 1992
পৃষ্ঠা... ১ ... কলাম ... ৫ ...

10

# ছাত্র সংঘর্ষ ঃ চট্টগ্রাম পলিটেকনিক ফের বন্ধ

চট্টগ্রাম, ২০ সেপ্টেম্বর (ইউএনবি)।– একটি ছাত্র সংগঠনের দুই গ্রুপের মধ্যে বন্দুকযুদ্ধের পর চট্টগ্রাম পলিটেকনিক ইনস্টিটিউট আজ অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করা হয়েছে। মাত্র দুইদিন আগেই ইনস্টিটিউট খুলেছিল।

ক্যাম্পাস সূত্র বলেন, অধ্যক্ষের সভাপতিত্বে আজ দুপুরে একাডেমিক কাউন্সিলে এক জরুরী সভায় এই সিদ্ধান্ত নেয়া হয়।

দু'ঘন্টা ধরে এই সংঘর্ষে শতাধিক রাউন্ড গুলি ছোঁড়া হয়। কেউ অবশ্য আহত হয়নি।

সূত্র বলেন, ঘটনাস্থল থেকে চারজন ছাত্রকে আটক করা হয় কিন্তু যোগাযোগ

(আটের পাতায় ৬–এর কঃ দ্রঃ)

**ছাত্র সংঘর্ষ** (প্রথম পৃষ্ঠার পর)

করা হলে পাঁচলাইশ পুলিশ অস্বীকার করে।

এর আগে হোস্টেলে সীট দখল নিয়ে একই সংগঠনের অন্য দুটি গ্রুপের মধ্যে সশস্ত্র সংঘর্ষের পর গত ৯ সেপ্টেম্বর ইনস্টিটিউট আট দিনের জন্য বন্ধ ঘোষণা করা হয়।